দৈনিক
ইত্তেফাক

তারিখ 31 AUG 2012
পৃষ্ঠা ৩ কলাম ৬

# দরিদ্র ও মেধাবী ছাত্রীদের উপবৃত্তি দিতে চার প্রকল্প

■ ইত্তেফাক রিপোর্ট

দেশের দরিদ্র ও মেধাবী ছাত্রীদের উপবৃত্তির আওতায় আনার জন্য চারটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। ৩০৬টি উপজেলায় সরকারি বিদ্যালয় না থাকায় উপজেলা সদরে নির্বাচিত বেসরকারি বিদ্যালয়গুলোকে মডেল স্কুলে রূপান্তর করা হবে।

মঙ্গলবার জাতীয় সংসদ ভবনে সরকারি প্রতিশ্রুতি সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে এসব তথ্য জানানো হয়। বৈঠকে সভাপতিত্ব করেন অধ্যাপক মো. আলী আশরাফ। সংসদ সচিবালয়-সূত্র জানায়, বৈঠকে কমিটির সদস্যরা ছাত্রীদের উপবৃত্তির বিষয়ে আলোচনা করেন। শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে কমিটিকে অবহিত করা হয় যে, দেশের মাধ্যমিক বিদ্যালয়ের দরিদ্র ও মেধাবী ছাত্রীদের উপবৃত্তির আওতায় আনার জন্য ইতিমধ্যে চারটি প্রকল্প গ্রহণ করা হয়েছে।

অপরদিকে সরকারি-বিদ্যালয়হীন দেশের ৩০৬টি উপজেলা সদরে নির্বাচিত বেসরকারি বিদ্যালয়গুলোকে মডেল স্কুলে রূপান্তর করা হবে। এছাড়া পিইডিপি-৩ এর আওতায় ১৫ হাজার অতিরিক্ত ক্লাসরুম, দেড় হাজার স্কুল পুনঃনির্মাণ এবং পাঁচ হাজার ৪০০টি নলকূপ স্থাপনের প্রক্রিয়া চলমান রয়েছে। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর থেকে এ পর্যন্ত ৬১ হাজার শিক্ষক নিয়োগ দেয়া হয়েছে। প্রতিশ্রুতি অনুযায়ী বেসরকারি রেজিস্টার্ড শিক্ষা প্রতিষ্ঠানে আরো ছয় হাজার এবং সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রায় ১১ হাজার শিক্ষকের নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে।

বিপুল জনগোষ্ঠীকে দক্ষ জনশক্তি হিসাবে গড়ে তোলা ও সক্ষমতা বৃদ্ধির জন্য কারিগরি শিক্ষার প্রসারের ওপর বৈঠকে কমিটির সদস্যরা গুরুত্বারোপ করেন। দেশের সার্বিক শিক্ষা কাঠামোর উন্নয়নে বর্তমান সরকারের আন্তরিক প্রচেষ্টায় কমিটি সন্তোষ প্রকাশ করেছে। এছাড়াও বিভিন্ন কর্মসূচি দ্রুততর বাস্তবায়নে সংশ্লিষ্ট বিভাগ ও কর্মকর্তাদের গতিশীল পদক্ষেপ গ্রহণের আহ্বান জানানো হয়।